

বিএনপি অস্ট্রেলিয়ার প্রতিবাদ সভা

গত ১৯শে এপ্রিল রবিবার বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) অস্ট্রেলিয়া শাখার আয়োজনে খালেদা জিয়ার বাড়ীর লিজ বাতিলের প্রতিবাদে এবং পিলখানায় সেনা কর্মকর্তা হত্যাকাণ্ডের বিচার দাবীতে সিডনির গ্রীন স্কোয়ার কমিউনিটি সেন্টারে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়। উক্ত সমাবেশে সভাপতিত্ব করেন বিএনপি অস্ট্রেলিয়ার সভাপতি জনাব আব্দুল ওয়াহাব বকুল এবং প্রধান অতিথি ছিলেন বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সভাপতি ও বর্তমানে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের আন্তর্জাতিক বিষায়ক সম্পাদক জনাব মনিরুল হক জর্জ। বিশেষ অতিথি ছিলেন বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সাধারণ সম্পাদক লিয়াকত আলী স্বপন, সিনিয়র সহ-সভাপতি সামসুজ্জামান ও মেজর (অবঃ) আব্দুল মান্নান। এছাড়াও বিএনপি অস্ট্রেলিয়া ও সহযোগী সংগঠনের বর্তমান ও সাবেক নেতা কর্মী সহ বিপুল সংখ্যক সাধারণ মানুষ সভায় উপস্থিত ছিলেন।



সভার প্রধান অতিথি জনাব মনিরুল হক জর্জ সহ সকল বক্তা অস্ট্রেলিয়ায় সকল জাতীয়তাবাদী কর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। সভাশেষে প্রীতিভোজ ও মনোজ্ঞ সংগীত সন্ধ্যার আয়োজন করা হয়।